

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
হে মারইয়াম! তোমার
পালনকর্তার উপাসনা কর এবং
রুকুকারীদের সাথে সেজদা ও
রুকু কর।
সূরা আল ইমরান ৪৩

দৈনিক ফীওর্নাখাণা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
গ্র্যান্ডব্রদার সিমেন্ট
ইস্রাইলের মজবুত পোতা
সেবা : ০২৯১০০৬৬৬৬৬, ০১৭১১০২৭৭০৪

বরিশাল ২ শনিবার ২৩ মে ২০২৬ ০৫ জিলহজ্জ ১৪৪৭ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ ৯ম বর্ষ ৩৫৯ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



প্রধানমন্ত্রীর সঙ্গে সিটি করপোরেশনের প্রশাসকদের বৈঠক
কীর্তনখোলা ডেস্ক
প্রশাসনিক কার্যক্রম ও সমসাময়িক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠকে ২ এর পাতায় দেখুন



বাংলাদেশ জামায়াতে ইসলামী
www.jamat-e-islami.org
بانی و قائد العالمیہ اسلامیہ
Bangladesh Jamaat-e-Islami



স্বরাষ্ট্রমন্ত্রীর মন্তব্য
জনগণের মধ্যে ক্ষোভ সৃষ্টি করেছে : জামায়াত
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি মিয়া গোলাম পরওয়ার বলেছেন, ধর্মকের সর্বোচ্চ ২ এর পাতায় দেখুন



আপনারা চাইলে ঘোষণা দিয়ে ফ্যাসিবাদ কয়েম করুন: আসিফ মাহমুদ
কীর্তনখোলা ডেস্ক
বিএনপির উদ্দেশে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূইয়া বলেছেন, আপনারা যদি ২ এর পাতায় দেখুন



৪র্থ শ্রেণি থেকে খেলাধুলা বাধ্যতামূলক, পাঠ্যক্রমে যুক্ত হচ্ছে ৮ ইভেন্ট
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় শিক্ষাক্রমে চতুর্থ শ্রেণি থেকে শিক্ষার্থীদের জন্য খেলাধুলাকে বাধ্যতামূলক করার উদ্যোগ নিয়েছে সরকার। ২ এর পাতায় দেখুন

নৌ মন্ত্রীর পরিদর্শনকালে কর্মস্থলে অনুপস্থিত ১৬ কর্মকর্তা-কর্মচারীকে স্ট্যান্ড রিলিজ

কীর্তনখোলা রিপোর্ট
নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর-সংস্থার বিভিন্ন কার্যালয়ে আকস্মিক পরিদর্শনে অনুপস্থিত ও দেরিতে অফিসে আসার অভিযোগে ১৬ কর্মকর্তা-কর্মচারীকে তাত্ক্ষণিকভাবে স্ট্যান্ড রিলিজ (বদলি) দেওয়া হয়েছে। আজ শুক্রবার নৌপরিবহন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কাজী আরিফ বিল্লাহ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।



কর্মচারী আকস্মিকভাবে পরিদর্শন করেন। এ সময় তিনি বেশ কয়েকজন কর্মকর্তা-কর্মচারীকে পূর্বনির্দিষ্ট ছাড়া কর্মস্থলে অনুপস্থিত এবং অনেকেই নির্ধারিত সময়ের পরে অফিসে উপস্থিত হতে দেখেন। এ ঘটনায় প্রতিমন্ত্রী এসম্মতে প্রকাশ করে দায়িত্বে অবহেলা ও শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। প্রতিমন্ত্রীর নির্দেশনার পর বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) বরিশাল কার্যালয়ের ডেপুটি বিভাগ থেকে ৯ জন ২ এর পাতায় দেখুন

কাল থেকেই লম্বা ছুটিতে যাচ্ছে দেশ

কীর্তনখোলা ডেস্ক
আসন্ন পবিত্র ঈদুল আজহা উপলক্ষে টানা ৭ দিনের ছুটি ঘোষণা করেছে সরকার। তবে এই দীর্ঘ ছুটির সুবিধা সমন্বয়ে সাপ্তাহিক ছুটির দিন আজ শনিবার (২৩ মে) অফিস খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জারি করা প্রজ্ঞাপন অনুযায়ী, আগামী ২৫ মে থেকে পরবর্তী ৩১ মে পর্যন্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস বন্ধ থাকবে। প্রজ্ঞাপনে বলা হয়, ঈদুল আজহা উপলক্ষে আগামী ২৫ মে (সোমবার) থেকে ৩১ মে (রোববার) পর্যন্ত দেশের সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকবে। তবে এর আগে ২৩ মে (শনিবার) সাপ্তাহিক ছুটির দিন এবং পরদিন ২৪ মে (রোববার) অফিস যথাযথিতি খোলা থাকবে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, জরুরি পরিষেবাগুলো এই দীর্ঘ ছুটির ২ এর পাতায় দেখুন



জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মদিন উপলক্ষ্যে শেকড় সাহিত্য সন্দেশ, বরিশালের সাহিত্য আসরে উপস্থিত কবি-সাহিত্যিকবৃন্দ

হাম ও হামের উপসর্গে মৃত্যু ৫০০ ছুঁইছুঁই

কীর্তনখোলা ডেস্ক
দেশে হাম ও হাম রোগের উপসর্গ নিয়ে আরও ১১ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৪৯৯ জন। শুক্রবার (২২ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বৃহস্পতিবার (২১ মে) সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত দেশের হাম-সংক্রান্ত পরিস্থিতি নিয়ে প্রতিবেদনটি তৈরি করা হয়। নতুন মারা যাওয়া ১১ জনের মধ্যে দুজন ২ এর পাতায় দেখুন

বরিশালে বিশেষ অভিযানে মাদকসহ গ্রেপ্তার ৩০

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মহানগরীতে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে গত ২৪ ঘণ্টায় বিশেষ অভিযান চালিয়ে ৩০ জনকে গ্রেপ্তার করেছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। আজ শুক্রবার সকালে বিএমপি মিডিয়া সেন্টার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বরিশাল মহানগরীর চারটি থানা ও পোয়েন্দা শাখার পৃথক অভিযানিক টিম নগরীর বিভিন্ন এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় ১০০ পিস ইয়াবা ট্যাবলেট ও ৫ কেজি গাঁজাসহ দুইজনকে গ্রেপ্তার করা হয়। এছাড়া একটি চোরার ব্যাটারিচালিত অটোরিকশাসহ তিনজনকে আটক করা হয়েছে। একই অভিযানে গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত তিনজন, অন্যান্য আইনে একজন, নিয়মিত মামলায় ২ এর পাতায় দেখুন



বরিশাল নগরীতে আগামীলীগের ব্যানার লাগানোর সময় ছাত্রলীগের ১০ কর্মীকে আটক করে কোতোয়ালি মডেল থানা পুলিশ

স্থানীয় নির্বাচনে বড় পরিবর্তন থাকছে না পোস্টার ও দলীয় প্রতীক, অক্টোবরে ভোটের প্রস্তুতি

কীর্তনখোলা ডেস্ক
আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে বড় ধরনের সংস্কার ও পরিবর্তন নিয়ে আসছে নির্বাচন কমিশন (ইসি)। ত্রয়োদশ জাতীয় সংসদ কমিশনার আশুর রহমানের মাছউদ বেশ নির্বাচনের মতো স্থানীয় সরকার নির্বাচনেও কোনো পোস্টার বাবহারের সুযোগ থাকছে না। একই সঙ্গে এই নির্বাচন সম্পূর্ণ নির্দলীয়ভাবে অনুষ্ঠানের লক্ষ্যে দলীয় প্রতীক ব্যবহারের বিধান বাতিল করা হচ্ছে। সেই সঙ্গে ভোট গ্রহণে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার করা হবে না। সম্প্রতি রাত্তরী বার্তা সংস্থা দেওয়া এক বিশেষ সাক্ষাৎকারে এসব তথ্য নিশ্চিত করেছেন জ্যেষ্ঠ নির্বাচন কমিশনার আশুর রহমানের মাছউদ। তিনি জানান, নির্বাচনকে অবাধ, নিরপেক্ষ ও গ্রহণ হতে ব্যালটে। এ ছাড়া অনলাইনে সহিসংস্কার করতে নির্বাচন বিধিমালায় বেশ কিছু মনোনয়নপত্র দাখিলের ২ এর পাতায় দেখুন



তৃণমূল পর্যায়ে নেতাকর্মীরাই বিএনপির মূল শক্তি : জয়নুল আবেদিন

বাণুগঞ্জ প্রতিনিধি
বিএনপির ভাইস চেয়ারম্যান ও বরিশাল-৩ (বাণুগঞ্জ-মুন্সালী) আসনের সংসদ সদস্য (এমপি) তৃণমূল পর্যায়ে নেতাকর্মীদের একাবদ্ধভাবে কাজ করতে হবে। তৃণমূল পর্যায়ে নেতাকর্মীরাই বিএনপির মূল শক্তি। সংগঠনকে কেন্দ্র করে ভবিষ্যৎ সদস্যদের সঙ্গে কয়েকজনের বাকবিতর্ক ও ধন্দাধি হয়। অভিযোগ রয়েছে, একপর্যায়ে আরিফ মোস্তা তার কাছে থাকা সন্দেহভাজন মার্কের একটি পোটলা ২ এর পাতায় দেখুন

দৈনিক ফীওর্নাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
প্রতিনিধি আবশ্যিক
দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফসল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

বাংলা বাক্যবোধ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে প্রস্তুত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিদ্যার প্রধান পরীক্ষক, সরকারি আশেপাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে
বুক ডিস্ট্রি
01932-314219
ইসলামিয়া লাইব্রেরি
01711-264963
অব্দুল্লাহ লাইব্রেরি
01763-107767
নিউ মাহবুব লাইব্রেরি
01763-107720
রহমান বুক হাউজ
01761-670945
মজুমদার লাইব্রেরি
01761-139268
অমৃত লাইব্রেরি
01719-408049
নিউ কলেজ লাইব্রেরি
01726-074663
হক লাইব্রেরি
01724-851658
আশরাফিয়া লাইব্রেরি
01717-488083



মাদক উদ্ধার অভিযানে ডিবি কনস্টেবল আহত, গ্রেপ্তার ৪

উজিরপুর প্রতিনিধি
বরিশালের উজিরপুর উপজেলায় মাদক উদ্ধার অভিযান পরিচালনার সময় রাস্তার ঘাটনায় জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) এক কনস্টেবল আহত হয়েছেন। এ ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার (২২ মে) দুপুর আনুমানিক ১টা ৩০ মিনিটে উজিরপুর পৌরসভার ঘোরাঘাট এলাকার পাকা সড়কে এ ঘটনা ঘটে। পুলিশ সূত্রে জানা গেছে, এসআই আরসেলের নেতৃত্বে বরিশাল জেলা ডিবি সাত সদস্যের একটি দল উজিরপুর পৌরসভার ঘোরাঘাট এলাকায় মাদকবিরোধী অভিযান চালায়। এ সময় অভিযানে বাধা দেওয়ার কেন্দ্র করে ডিবি সদস্যদের সঙ্গে কয়েকজনের বাকবিতর্ক ও ধন্দাধি হয়। অভিযোগ রয়েছে, একপর্যায়ে আরিফ মোস্তা তার কাছে থাকা সন্দেহভাজন মার্কের একটি পোটলা ২ এর পাতায় দেখুন

কবীর্ভনাথানা ৩

ফেসবুকে পোস্ট দিয়ে

কারণে পদত্যাগ করছি। আমার ব্যক্তিগত ফেসবুক আইডিতে পদত্যাগের বিষয়টি নিশ্চিত করেছি। অফিসিয়ালি পদত্যাগের জন্য প্রস্তুতি নিছি। এর বাইরে বিস্তারিত আর কিছু বলতে চাই না।' তার এ ঘোষণাকে ঘিরে স্থানীয় রাজনৈতিক অঙ্গনে আলোচনা সৃষ্টি হয়েছে। এ বিষয়ে বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ বলেন, 'বিষয়টি আমি সামাজিক যোগাযোগমাধ্যমেই জানতে পেরেছি। এ বিষয়ে শামীম হোসাইন অফিসিয়ালি এখানে কিছু জানাননি। সবার ব্যক্তিস্বাধীনতা আছে। কেউ যদি পদত্যাগ করেন, তবে এখানে কিছু বলার নেই। তার জন্য শুভকামনা রইলো।'

মেহেন্দিগঞ্জে চার হাজার

ছিলেন মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রিয়াজুর রহমান। এসময় উপস্থিত ছিলেন, সদ্য বিদায়ী উপজেলা মৎস্য কর্মকর্তা মো: ওমর সানি, ভারপ্রাপ্ত মৎস্য কর্মকর্তা মো: আবুল বাসার সহ মৎস্য অফিসের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। তালিকাভুক্ত প্রতিটি মৎস্য পরিবারের মাঝে আটা-১২ কেজি, মসুর ডাল-৮ কেজি, আলু-১৬ কেজি, চিনি-৪ কেজি, লবণ-৪ কেজি, সয়াবিন তেল-১০ লিটার করে বিতরণ করা হয়। সদ্য বিদায়ী বিতর্কিত উপজেলা মৎস্য কর্মকর্তা মো: ওমর সানি জানান, উপজেলার নিবন্ধিত চার হাজার জেলে পরিবারের মাঝে সম্পূর্ণ বিনামূল্যে এই খাদ্যসামগ্রী সফলভাবে পৌছে দেওয়া হয়েছে।

প্রথমবারের মতো বিদ্যুৎ উৎপাদন

(বৃহস্পার, ২১ মে) দুপুর থেকে বিদ্যুৎ উৎপাদন শুরু হয় ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ। এই ইউনিটিটি আগামী ২৭ মে পর্যন্ত সক্ষমতা যাচাই শেষ পরিস্থিতি অনুযায়ী জাতীয় গ্রিডে যুক্ত করা হবে। তবে গত বছরের জানুয়ারি থেকে দ্বিতীয় ইউনিট থেকে ৬৬০ মেগাওয়াট বিদ্যুৎ হয়ে আসছিলো। এই বিদ্যুৎ কেন্দ্র থেকে প্রতিদিন ১৩২০ মেগাওয়াট তাপবিদ্যুৎ উৎপাদন হচ্ছে। আগামী মাসে উৎপাদিত বিদ্যুৎ বাণিজ্যিকভাবে জাতীয় গ্রিডে সরবরাহ করার সম্ভাবনার কথা রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এদিকে, কলাপাড়ার পায়রা এবং পটুয়াখালী তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে ২ হাজার ৬৪০ মেগাওয়াট তাপবিদ্যুৎ করে জাতীয় গ্রিডে যুক্ত হলে সরকার বিদ্যুতের ঘাটতি পূরণে সক্ষম হবে বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা।

প্রধানমন্ত্রীর কাছে নিরাপত্তা চায় স্বর্ণ

প্রায় শতাধিক বেকার নারী-পুরুষের কর্মসংস্থানের মধ্য দিয়ে ব্যবসায়ি দীর্ঘদিন সুনামের সাথে ঠিকঠাক চললেও জুলাই অভ্যুত্থান আন্দোলন শেষে একটি চক্র সরকার দলীয় পরিয় দিয়ে তার কাছে টাকা দাবী করে। দাবীকৃত টাকা না দেয়ায় প্রতিষ্ঠানগুলো ধ্বংস করে চিরতরে বন্ধের ষড়যন্ত্র করে। নারী উদ্যোক্তার গ্রাহকদের মাঝে বিভ্রান্তি ছড়িয়ে আর্থিক প্রতিষ্ঠান বন্ধের পায়তারা করছে। পিংকি টাদাবাজ চক্রটির এমন কর্মকাণ্ডে তার ব্যবসা প্রতিষ্ঠানগুলো বর্তমানে বন্ধ রয়েছে। তার মন্য মুরগী ও মাছের খামারে এ চক্রটি বিধ প্রয়োগ করে বা রাস্তাঘাটে বের হলে “মব ভায়োলেন্স” সৃষ্টি করে তাকে হেনস্থার শিকার হতে হয় প্রতিনিয়ত। স্বয়় আর অতর্ক্বে তিনি এখন বাড়ি থেকে বের হতে পারছেন না। তাদের এই মব বাহিনীর হাত থেকে রক্ষা পেতে তিনি এবং তার ব্যবসাস্ত্রলো সাবার সচল করতে প্রধানমন্ত্রী তারেক রহমান এবং স্থানীয় সংসদ সদস্য নূরুল ইসলাম নয়নের সহায়তা চেয়েছেন। তিনি বারবার মব শিকারের জরুরীত পিংকি বলেন, আমি চাই আমার মতো একশো নারী, উদ্যোক্তা হিসেবে তৈরী হোক। আমি চাই কোনো নারী যেনো ঘরে বসে না থাকে। প্রত্যেক নারীর হাত যেনো দেশ ও জনগণের স্বার্থে কর্মের হাতে পরিণত হয়। আমার প্রতিষ্ঠানের পণ্য সামগ্রী ২৬টি দেশে রপ্তানি করে বাংলাদেশে রেমিট্যান্স বৃদ্ধি হয়ে বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অথচ মব সৃষ্টিকরিরা টাকা না পেয়ে প্রায় ৬ মাস পূর্বে উপজেলার দক্ষিণ আইচা বাজারে আমার আর্থিক ব্যবসা প্রতিষ্ঠানে ওই চক্রটির ইন্দনে মব তৈরি করে লুটপাট চালায়। আমি যেখানেই যাই এই চক্রটি আমার পেছনে তাদের লোকজন নিয়ে আমাকে অফিস আদালত সহ বিভিন্ন যায়গায় বিতর্কিত করে আমার প্রজেক্টের কাজ নষ্ট করে দিচ্ছে।

পাচারকালে চিহ্নড়ির কোটি

এলাকার বিখ্যাতী নদীতে অবমুক্ত করা হয়। তবে এ সময় জড়িত কাউকে আটক করতে পারেনি নিরাপত্তা বাহিহির সদস্যরা। বরগুনা জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ জিয়া উদ্দিন বলেন, নদী থেকে প্রাকৃতিকভাবে চিহ্নড়ির পোনা আহরণ সম্পূর্ণ নিষিদ্ধ। একটি চিহ্নড়ি পোনা ধরার সময় প্রায় ৪৯৮টি অন্যান্য মাছ ও প্রকার প্রাণীর পোনা নষ্ট হয়, যা পরিবেশ ও ভবিষ্যৎ মৎস্যসম্পদের জন্য মারাত্তক হুমকি। অভিযান শেষে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. সাইফুল ইসলাম বলেন, নদী ও প্রাকৃতিক পরিবেশ রক্ষায় এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

নাও বদলে বারবার অপরাধে

জানান, ঢাকার শাহআলী থানায় দায়ের করা একটি অস্ত্র মামলায় সন্মূাট রিপনের ১০ বছরের সাজা হয়। ২০২১ সালে ওই থানা থেকে পটুয়াখালী সদর থানায় তার বিরুদ্ধে ওয়ারেন্ট পাঠানো হয়। তবে সন্মূাট রিপন নামে এলাকায় কাউকে চেনা যায়নি। পুলিশ জানায়, সে বিভিন্ন স্থানে আসাদজ্জামান রিপন, রিপন ও সম্মূাটই বিভিন্ন নামে পরিচয় ব্যবহার করতেন। পাশাপাশি ফোন ও নম্বর পরিবর্তন করে হত্যাসহ বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়তো। গ্রামের বাড়ি পটুয়াখালীর গলাটিপা উপজেলায় হলেও গত সাত-আট বছরে তাকে এলাকায় দেখা যায়নি। গোপন স্ববাদের ভিত্তিতে পুলিশ জানতে পারে, আসাদজ্জামান রিপনই সন্মূাট রিপন। পরে তথ্যযুগ্মতির সহায়তায় ঢাকার একটি হাবিক ধানার পুলিশের সঙ্গে অভিযান চালানো হয়। অভিযানের সময় পঙ্কবী এলাকার একটি নির্মাণাধীন ভবনে চায়ের আড্ডা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। পরে তাকে পটুয়াখালীতে নিয়ে আসে যা। পটুয়াখালী সদর থানার ওপি মনিরুজ্জামান বলেন, গ্রেপ্তার রিপনের বিরুদ্ধে ঢাকার বিভিন্ন রাসদালতে একাধিক হত্যা মামলা বিচারার্নান রয়েছে। রাতে তাকে আদালতে পাঠানো হয়েছে। আদালতের নির্দেশ অনুযায়ী গুত্তরার সকালে পরবতী ব্যবস্থা নেওয়া হবে।

হামে আক্রান্ত হয়ে ছেলের মৃত্যু

তারের ৪ বছর বয়সী মেয়ে খাদিজা আক্তার পিরোজপুর সদর হাসপাতালে চিকিৎসান্নি। এদিকে ছেলে রাইয়ানের মৃত্যু হয় হামে আক্রান্ত হওয়ায়। মৃত রাইয়ানের পিতা সুমন মোজলু জানান, কয়েকদিন ধরে জ্বরসহ শরীরে দানা ওঠা ও দুর্বলতাসহ হামের উপসর্গ দেখা দিলে বৃহস্পতিবার রাতে তারের হাসপাতালে নিয়ে যাই। সেখানে চিকিৎসান্নি অবস্থায় রাইয়ানের মৃত্যু হয়। আমার মেয়ে খাদিজাও খুব অসুস্থ। জিয়ানপর উপজেলা নির্বাহী অফিসার হাসান মো. হাফিজুর রহমান বলেন, হামের প্রবণতা বৃদ্ধি পেলে আমরা এলাকায় মাইকি করে শিশুদের হামের টিকা নেওয়ার জন্য জনসাধারণকে উদ্ধ্বক করছি। শিশুরা যেন হামের টিকা থেকে বঞ্চিত না হয় সেজন্য কাজ করে যাছি।

নানা বাড়িতে বেড়াতে এসে

বাড়ির পাশের পুকুরে শিশুটিকে ভাসতে দেখে দ্রুত উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শিশুটির মৃত্যুতে পরিবার ও এলাকায়

শোকের ছায়া নেমে এসেছে। বাড়ির মরদেহ বুকে জড়িয়ে নানা ইউনুস হাজার আহাজারিতে ভারী হয়ে ওঠে পরিবেশ। বাবাগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান বলেন, ‘বিষয়টি আমার জানা নেই। কেউ পানিতে ডুবে শিশুর মৃত্যুর খবর জানায়নি।’

গৌরনদীতে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক হুসনে

হিসেবে ধুরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগদানের পর থেকে হুসনে আরা বিদ্যালয়ের সার্বিক শিক্ষার পরিবেশ উন্নয়ন, শিক্ষার্থীদের পাঠদানে উৎসাহ বৃদ্ধি এবং সহশিক্ষা কার্যক্রমে বিশেষ অবদান রেখে আসছেন। তার সুদক্ষ পরিচালনায় বিদ্যালয়টি শিক্ষা ও শৃঙ্খলায় এলাকায় প্রশংসিত হয়েছে। অপরদিকে, মো. বোরহান উদ্দিন ২০১৪ সালে বাউরগাতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে যোগদানের মাধ্যমে শিক্ষকতা পেশা শুরু করেন। পরবর্তীতে ২০১৯ সালে তিনি বেঙ্গগাতি মৈত্রারকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি হন। কর্মজীবনে প্রবেশ করার পর থেকেই সহকর্মী, অভিভাবক ও শিক্ষার্থীদের কাছে তিনি একজন সং, কর্মনিষ্ঠ ও আদর্শ শিক্ষক হিসেবে পরিচিত হয়ে ওঠেন। এরই ধারাবাহিকতায় গত ২০২৪ সালের পর এবারও তিনি দ্বিতীয়বারের মতো উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক নির্বাচিত হলে। এই দুই মানুষ ধার্য কারিগরের অনন্য কৃতিত্বে ধুরাইল ও বেঙ্গগাতি মৈত্রারকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা, শৃঙ্খলা ও সহশিক্ষা কার্যক্রমে উল্লেখযোগ্য সাফল্য এসেছে। উপজেলা পর্যায়ে তারা শ্রেষ্ঠ নির্বাচিত হওয়ায় শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন মহল, সহকর্মী ও শুভানুধ্যায়ীরা তাদের আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন, তাদের অভিজ্ঞতা ও দক্ষ নেতৃত্বে ভবিষ্যতেও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে আরও গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে।

মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের

এ তথ্য তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি বৃহস্পতিবার (২১ মে) মন্ত্রিসভা বৈঠকে পপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে সচিবালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিদদ বিভাগের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। একই সঙ্গে জাপানের সঙ্গে প্রতিরক্ষা প্রযুক্তি চুক্তি অনুসমর্থনের প্রস্তাব, ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্সে (আইবিসিএ) যোগদান এবং নিরাপদ অভিবাসন নিশ্চিত্তে জিসিএম-ন্যাপ (২০২৬-২০৩০) অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। মন্ত্রিসভা বৈঠকে জাপান সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত ট্রান্সফার অব ডিসেন্স ইকুইপমেন্ট অ্যান্ড টেকনোলজি’ নীর্থক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত প্রস্তাব উত্থাপন করে। ‘ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট অন্ দ্য এস্টাবলিশমেন্ট অব দ্য ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্স (আইবিয়াএ)’ স্বাক্ষরের প্রস্তাবও অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রতিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ প্রস্তাব উপস্থাপন করে। ইন্টারন্যাশনাল বিগ ক্যাট অ্যালায়েন্স (আইবিসিএ) হলো একটি বৈশ্বিক জোট, যা ২০২৩ সালের এপ্রিল মাসে টাইপার, লায়ন, লেপার্ড, স্লো লেপোর্ড, পিউমা, জায়গার এবং চিত্রা এই সাপটির প্রধান বৃহৎ বিভূপ্র প্রজাতি সংরক্ষণের লক্ষ্যে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ২৪টি জাতিসংঘ সদস্যভুক্ত দেশ এ জোটের সদস্য। আইবিসিএ’র মূল উদ্দেশ হলো সদস্যভুক্ত দেশসমূহের বিগ ক্যাটের আবাসস্থল সুরক্ষা, অবৈধ শিকার ও বাণিজ্য প্রতিরোধ এবং প্রযুক্তিগত সহযোগিতা ও অভিজ্ঞতা বিনিময় নিশ্চিত করা। বাংলাদেশ রয়েল বেঙ্গল টাইগারের হোম ক্যান্ট্রি হওয়ায় সুন্দরবনের ইকো-সিস্টেম ব্যবস্থাপনা ও সংরক্ষণ বিবেচনায় এ জোট যুক্ত হওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ‘গ্লোবাল কমপ্যাক্ট ফর সেইফ, অর্ডারলি অ্যান্ড রেগুলার মাইগ্রেশন (জিসিএম)’ বাস্তবায়নের লক্ষ্যে খসড়া জিসিএম-ন্যাপ (২০২৬-২০৩০) অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এ প্রস্তাব উত্থাপন করে। বিধে নিরাপদ, নিয়মিত ও নিয়মতান্ত্রিক অভিবাসন নিশ্চিত করতে ২০১৮ সালে জাতিসংঘে ‘গ্লোবাল কমপ্যাক্ট ফর সেইফ, অর্ডারলি অ্যান্ড রেগুলার মাইগ্রেশন (জিসিএম)’ গৃহীত হয়। বাংলাদেশসহ ১৬৪টি রাষ্ট্র জিসিএমের পক্ষভুক্ত হয়েছে। আন্তর্জাতিক অভিবাসন বিষয়ে বৈশ্বিক সহযোগিতার বিভিন্ন প্রায়ুক্তফর্ম বাংলাদেশ নেতৃত্ব দিয়ে আসছে এবং জিসিএম ধারণার প্রবজাও বাংলাদেশ। এ ভূমিকার স্বীকৃতিস্বরূপ ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (আইওএম) ২০২০ সালে বাংলাদেশকে জিসিএম চ্যাম্পিয়ন কাঙ্গ্রি হিসেবে তালিকাভুক্ত করে। জিসিএমের অবজেকটিভ এবং অ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন অংশীজনের মতামতের ভিত্তিতে আইওএমের সহযোগিতায় ২০২৬-৩০ মেয়াদের জন্য খসড়া ন্যাশনাল অ্যাকশন প্ল্যান (জিসিএম-ন্যাপ) প্রণয়ন করা হয়, যা মন্ত্রিসভা বৈঠকে অনুমোদন পেয়েছে বলে মন্ত্রিপরিষদ বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

সীমান্তে খুঁটি স্থাপনের চেষ্টা

প্রতিবাদ ও কঠোর অবস্থানের মুখে সেই খুঁটি তুলে নিতে ব্যাধ হয়েছেেন তারা। বৃহস্পতিবার (২১ মে) সকালে উপজেলার কুচলিবাড়ী ইউনিয়নের কলসির মুখ সীমান্ত এলাকায় এ ঘটনা ঘটে। বিজিবি ও স্থানীয় সূত্রে জানা যায়, কুচলিবাড়ী ইউনিয়নের কলসির মুখ সীমান্ত এলাকায় বিএসএফের একটি দল নিয়মবহির্ভূতভাবে জিরো লাইনে বাঁশের খুঁটি স্থাপনের চেষ্টা চালায়। বিষয়টি স্থানীয় বাসিন্দা না, নাজিরুর রহমান দলের নজরে এলে তাক্ষমিকভাবে এর তীব্র আপত্তি জানানো হয়। বিজিবির পক্ষ থেকে ঘটনার কড়া প্রতিবাদ জারিয়ে বিএসএফকে অবিলম্বে খুঁটি অপসারণের নির্দেশ দেওয়া হয় এবং আন্তর্জাতিক সীমান্ত আইন মেনে চলার তাগিদ দেওয়া হয়। বিজিবির এমন অনড় অবস্থানের মুখে পরিণতি সামাল দিতে না পেরে বিএসএফ সদস্যরা তাদের ভুল স্বীকার করতে বাধ্য হন এবং স্থাপিত খুঁটিগুলো দ্রুত সরিয়ে নেন। তবে বক্তব্যর (২২ মে) বিকেল থেকে দহহ্রাম সীমান্তে বিএসএফ আবারও খুঁটি স্থাপনের চেষ্টা চালাচ্ছে বলে জানা গেছে। এতে ওই এলাকার সাধারণ মানুষের মাঝে আতঙ্ক বিরাজ করছে। রংপুর ৫১ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. নাজিরুর রহমান ঘটনার সভ্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, গুমীমান্ডে বিএসএফ প্রায়ই এ ধরনের বাঁশের খুঁটি স্থাপনের চেষ্টা করে থাকে। তবে বিজিবির উহল দলের সদস্যরা কড়া প্রতিবাদ জানালে তারা খুঁটি অপসারণ করতে বাধ্য হন। দহহ্রাম এলাকায় বর্তমানে বিএসএফ আবারও এ ধরনের কার্যক্রম পরিচালনার চেষ্টা করছে বলেও জানান তিনি।

ঈদ সামনে রেখে ভোলায়

না হয়। যাত্রীদের দাবি, অতিরিক্ত ভাড়া আদায় ও যাত্রাপথে হয়রানি বন্ধের পাশাপাশি নিরাপদ ও স্বস্তিদায়ক ঈদযাত্রা নিশ্চিত করতে হবে। জানা গেছে, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলার সঙ্গে ভোলার সহজ যোগাযোগের অন্যতম মাধ্যম নৌপথ হওয়ায় প্রতিবছর ঈদে যাত্রীর চাপ কয়েকগুণ বেড়ে যায়। ৫ লাখের বেশি যাত্রী প্রিয়জনের সঙ্গে ঈদ উদ্‌যাপন করতে বাড়ি ফেরেন। এ বছরও তার ব্যতিক্রম হয়নি। ইতোপূর্বে ফিরতে শুরু করেছেন যাত্রীরা। তবে এখন যাত্রীর চাপ কিছুটা কম। এ অভিযান বিশেষ করে ভোলা-ঢাকা রুটে লঙ্ঘন সাধারণ মানুষের প্রধান ভরসা। এ কারণে ঈদ মৌসুমে বাড়তি যাত্রী সামাল দিতে এবারও অর্ধশতাধিক লঞ্চ চলাচলের প্রস্তুতি নেওয়া হয়েছে। কর্ণফুলী লঞ্চের সহকারী ব্যবস্থাপক আল আমিন বলেন, যাত্রীদের ঈদযাত্রা আরামদায়ক করতে বাড়তি ব্যবস্থা নেওয়া হয়েছে। ব্যাকথম, টয়লেট কেবিন ও ডেক সোয়াংলা করে পরিচ্ছন্ন করা হয়েছে। এছাড়াও ডেকারেশন করে আকর্ষণীয়

করা হয়েছে। যাত্রীদের সেবা দেওয়াই আমাদের লক্ষ্য। এদিকে, কয়েকটি লঞ্চ কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে জানা গেছে, যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি লঞ্চে লাইফ জ্যাকেট, অগ্নিনির্বাপণ ব্যবস্থা ও প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম প্রস্তুত রাখা হচ্ছে। পাশাপাশি অতিরিক্ত যাত্রী বহন না করতে সংশ্লিষ্টদের সতর্ক করা হয়েছে। যাত্রীরা আশা করছেন, সুস্থ ব্যবস্থাপনা ও প্রশাসনের নজরদারির মাধ্যমে এবারের ঈদযাত্রা নিরাপদ ও স্বস্তিদায়ক হবে। ভোলা বিআইডব্লিউটিএ সহকারী পরিচালক নির্মল রায় বলেন, ঈদের সময় যাত্রীদের যাতে কোনো ভোগান্তি না পোহাতে হয় সেজন্য নির্দেশনা দেওয়া হয়েছে। অন্যদিকে যাত্রীদের নিরাপত্তায় ঘাটে কোস্টগার্ড, র‍্যাব, নৌ পুলিশ ও বিআইডব্লিউটিএ কর্মকর্তাসহ বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মোতায়েন থাকবে বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।

কাউখালীতে খাজনা ছাড়াই

হাটে পুত্তর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের পক্ষ থেকে ভেটেরিনারি চিকিৎসা সেবা দেওয়া হয়। এছাড়া আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ, আনসার সদস্য ও বৈশ্বাসেবকরা দায়িত্ব পালন করেন। গরু ব্যবসারী রফিক মিয়া বলেন, “খুব সুন্দর পরিবেশে হাটের আয়োজন করা হয়েছে। খাজনা না থাকায় আমাদের অনেক সুবিধা হয়েছে। এজন্য স্থানীয় সংসদ সদস্যকে ধন্যবাদ জানাই। আশা করছি আগামী হাটে আমাদের গরু ভালো দামে বিক্রি হবে। গরু কিনতে আসা ক্রেতা মোঃ ফিরোজ হোসেন বলেন, “খাজনা মওকুফ ও সুন্দর পরিবেশের কারণে হাটটি দিন দিন জমে উঠবে। তবে গরুর দাম আরেকটু কম হলে ক্রেতা আরও বাড়বে। উপজেলা প্রাণী সম্পদ অফিসার ডাঃ সোমা সরকার বলেন, “কোরবানির পুত্তর হাটে সুস্থ ও নিরাপদ পণ্ড নিশ্চিত করতে প্রাণিসম্পদ বিভাগের পক্ষ থেকে সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে। হাটে আসা পশুগুলো পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে এবং খামারিদের প্রয়োজনীয় পরামর্শ দেওয়া হচ্ছে। ক্রেতাদেরও সচেতনভাবে পশু কেনার আহ্বান জানানো হয়েছে। তিনি আরো জানান, এ বছর কোরবানি উপজেলা উপজেলার বিভিন্ন খামারিতে ১ হাজার ৬৫০ টি গবাদি পশু প্রস্তুত রয়েছে।

পিরোজপুর এনসিপি’র সম্ভাব্য

নাগরিকরা প্রায় সব ধরনের পৌর নাগরিক সুবিধা বঞ্চিত। পিরোজপুর পৌরসভার দীর্ঘ বছরের অব্যবস্থাপনা এবং অন্তহীন সমস্যা দুরীকরনসহ পৌর নাগরিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠিত করতে তিনি আসছে পৌর নির্বাচনে মেয়র প্রার্থী হিসেবে অংশ নিবেন। আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে তিনি পৌর নাগরিকদের সাথে গণসংযোগ শুরু করবেন বলে জানিয়েছেন। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, এনসিপি যদি জামায়াতের সাথে জোটবন্ধভাবে পৌর নির্বাচনে অংশ নেয়, সেক্ষেত্রে জোট যে সিদ্ধান্ত নিবে তা তিনি মেনে নিবেন। এ সময়ে এনসিপির জেলা সদস্য সচিব আল আমিন খান, আইন উপদেষ্টা আজ্জাভেকেট সৈয়দ ইকবাল আহমেদসহ অন্যান্য নেতা-কর্মী উপস্থিত ছিলেন। প্রসঙ্গত পিরোজপুরসহ দেশের এক ‘শ পৌরসভায় এনসিপি তাদের সম্ভাব্য প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

রামিসা হত্যার বিচার দাবিতে

আহমেদ। উপস্থিত ছিলেন সমাজতান্ত্রিক মহিলা ফোরামের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও বাদদ বরিশাল জেলা শাখার সমন্বয়ক ডা. মনীষা চক্রবর্তীসহ সংগঠনের নেতাকর্মীরা। এদিকে একই ঘটনায় বিচার দাবিতে জুমার নামাজ শেষে বরিশালের সর্বস্তরের ছাত্রজনতার ব্যানারে আরেকটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। নগরীর সরকারি বিএম কলেজের সামনে থেকে বের হওয়া মিছিলটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে নথুপ্রবাদ এলাকায় গিয়ে শেষ হয়। সেখানে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা বলেন, শিশু রামিসা ধর্ষণ ও হত্যার মতো নৃশংস ঘটনা সমাজে নিরাপত্তাহীনতার অতাব্যকে আরও স্পষ্ট করেছে। খুনীর একমাত্র সাজা হতে হবে মৃত্যুদণ্ড এবং তা দ্রুতই কার্যকর করতে হবে।

কাঠবোঝাই ট্রলার

নামের একটি স্টিলবারি ট্রলার কাঠবোঝাই করে ২১ মে নেছারাবাদের উদ্দেশ্যে রওনা দেয়। বেলা ৩টার দিকে ট্রলারটি নেছারাবাদের বালিহার গ্রামের রহমান মিয়ার ব্রিজের নিচে পৌছালে খালে ভাটার কারণে সেখানে নোঙর করা হয়। পরে ভরা জোয়ারের অপেক্ষায় ট্রলারটি ব্রিজের দুই পিলারের মাঝখানে বেঁধে রেখে কয়েক কামাল বাহাদুর রাতে কেবিনে ঘুমিয়ে পড়েন। গভীর রাতে জোয়ারের পানির তীব্র চাপে ট্রলারটি কাত হয়ে ডুবে যায়। এ সময় কেবিনে ঘুমন্ত অবস্থায় আঁকা পড়ে মারা যান কামাল বাহাদুর।

সাবমেরিন ক্যাবলে

কেবলের নকশা, সরবরাহ, স্থাপন, পরীক্ষণ ও কমিশনিং সহ অন্যান্য সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করা হবে। প্রকল্পে প্রতিটি ৭ কিলোমিটার দৈর্ঘ্যের ৪টি রান সহ মোট ২৮ কিলোমিটার ১সি, ৩০০ বর্মহিনিমিটার সাবমেরিন কেবল স্থাপন করা হবে। এর সঙ্গে ল্যান্ডিং স্টেশন নির্মাণের কাজও অন্তর্ভুক্ত রয়েছে। দরপত্রটি ‘গুগান স্টেজ টু এনভেলপ টেন্ডারিং মেথড’ পদ্ধতিতে আহ্বান করা হয়েছে। প্রকল্পের অর্থায়ন হবে ওজোপাড়িকার নিজস্ব তহবিল থেকে। টেন্ডার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, শর্ত থাকে আইই টিকাদারগণ গত ১০ বছরের মধ্যে কমপক্ষে দুটি অনুরূপ প্রকল্প সফলভাবে সম্পন্ন করার অভিজ্ঞতা রয়েছে। এসব প্রকল্পে ৩৩ কেভি বা তার বেশি ক্ষমতার সাবমেরিন কেবল স্থাপন, পরীক্ষণ ও চালুকরণের অভিজ্ঞতা বাধ্যতামূলক। একইসঙ্গে অন্তত একটি প্রকল্প বিদেশে, বিশেষ করে বাংলাদেশের অনুরূপ ক্রান্তীয় জলবায়ু অঞ্চলে বাস্তবায়নের অভিজ্ঞতা থাকতে হবে। এ ছাড়া দরদাতাকে সাবমেরিন কেবল স্থাপনে ব্যবহৃত জাহাজের মডেল, ধরন ও সক্ষমতার প্রমাণপত্র জমা দিতে হবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। প্রকল্প সংশ্লিষ্টদের মতে, এই উদ্যোগ বাস্তবায়িত হলে মনপুরার বিদ্যুৎ ব্যবস্থায় নতুন সুদের সূচনা হবে। দীর্ঘদিন ধরে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা থেকে বঞ্চিত মনপুরা দ্বীপ বাসী উন্নত ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহের আওতায় আসবে বলে আশা করা হচ্ছে। ভোলা ওজোপাড়িকার নির্বাহী প্রকৌশলী জানান, অন্য একটি কোম্পানী এই প্রকল্পের কাজটি করবে। পত্নী বিদ্যুৎ বিভাগের আওতায় ভোলার তত্ত্বমুদ্রন থেকে চর জহিরুদ্দিন হয়ে, চর মোজাম্মেল, চর হয়ে মনপুরারকতালনী যাবে। এতে কিছু এলাকায় বিদ্যুৎ দিতে পারবে। তিনি আরও জানান, ডিসেম্বরে চরক্ষাশন থেকে মনপুরা পর্যন্ত সরাসরি সাবমেরিন ক্যাবলের মাধ্যমে স্থায়ী ভাবে সাব-স্টেশন স্থাপন করে বিদ্যুৎ সরবরাহ করবে। তবে এটি বাস্তবায়ন করতে ৪/৫ বছর সময় লাগতে পারে।

নদীর ছাড়পত্রে সাগর থেকে কৌশলে ইলিশ পাচার

চরক্ষাশন প্রতিনিধি

ভোলার নদীর ছাড়পত্র দিয়ে কৌশলে নিষিদ্ধ সাগরের কোটি কোটি টাকার ইলিশ পাচার হচ্ছে। মৎস্য বিভাগ বা আইনশৃঙ্খলা বাহিনী এই ইলিশ পাচার বন্ধে কোনো পদক্ষেপ নিতে পারছে না। অভিযান শুরুর আগেই খবর ফাঁস হয়ে যাচ্ছে। এতে করে পাচারকারীরা ইলিশ বোঝাই ট্রলার নিয়ে নিরাপদ দূরত্বে অবস্থান করলেই। অনেক সময় সাগরের ইলিশকে নদীর ইলিশ বলে চালেয়ে দেওয়া হচ্ছে। মৎস্য কর্মকর্তারাও পাচারকারীদের কৌশলের সঙ্গে পেরে উঠছেন না। সামুদ্রিক জীববৈচিত্র্য সংরক্ষণ এবং ৪৭৫ প্রজাতির মাছের অবাধ প্রজনন ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গত ১৫ এপ্রিল থেকে বঙ্গোপসাগরে মাছ ধরায়

নিষেধাজ্ঞা জারি করেছে সরকার। আগামী ১১ জুন পর্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। নিষেধাজ্ঞা থাকায় প্রকৃত জেলেরা সাগরে মাছ ধরতে নামতে পারছেন না। সাগরের এই নিষেধাজ্ঞা তাদের জন্য যখন জীবিকার চরম সংকট তৈরি করেছে, ঠিক তখনই ভোলার প্রভাবশালী ইলিশ সিঁড়িকেটের কাছে তা যেন আশীর্বাদ হয়ে দাঁড়িয়েছে। সুযোগটাকে কাজে লাগাচ্ছে প্রভাবশালী ইলিশ সিঁড়িকেট। জানা গেছে, ভোলার মেঘনা ও তেঁতুলিয়া নদীতে ইলিশ আহরণে আইনি বাধা নেই। তাই উপজেলা মৎস্য অধিদপ্তর থেকে পাচারকারীরা নদীতে মাছ ধরার ছাড়পত্র নিচ্ছেন। কিন্তু তারা আসলে নদীতে মাছ ধরছেন না। তারা মাছ ধরছেন সমুদ্রে। আর কোটি কোটি টাকার সেই মাছ নদীর মাছের বৈধ পরিবহন ছাড়পত্রকে ঢাল হিসেবে ব্যবহার করে ঘাট থেকে দেশের বিভিন্ন প্রান্তে পাচার করছেন। ফলে নদীর বৈধতা এখন সাগরের নিষিদ্ধ বাণিজ্যের প্রধান হাতিয়ার হয়ে উঠেছে। এই স্কৌশলী কারসাজির একটি বড় প্রমাণ মেলে গত ১২ মে রাতে। ভোলা সদর উপজেলার পানপণ্ডি বাজারে তিনটি ট্রাকভর্তি প্রায় ১ কোটি ১ লাখ টাকা মূল্যের ইলিশ জদ করে কোস্ট গার্ড ও সংশ্লিষ্ট প্রশাসন। সেই অভিযানে জব্দ করা ইলিশকে ব্যবসারীরা নদীর মাছ বলে দাবি করলেও সেগুলো ছিল আসলে সমুদ্রের ইলিশ। সদর উপজেলার অভিযানে মাছগুলোকে নিষিদ্ধ সাগরের বলে জব্দ করা হলেও সেই একই চালানোর অনুকূলে চরক্ষাশন উপজেলা মৎস্য দপ্তর থেকে বৈধ ছাড়পত্র দেওয়া হয়েছিল। বর্তমানে নদ-নদী মাছ ধরার জন্য উন্মুক্ত থাকায় পাচারকারী চক্রটি অত্যন্ত চতুরতার সঙ্গে মৎস্য দপ্তর থেকে নিয়মিত নদীর মাছ পরিবহনের ছাড়পত্র সংগ্রহ করছেন। আর এই ছাড়পত্র দিয়েই সামরাজ ঘাটে আসা নিষিদ্ধ সামুদ্রিক ইলিশগুলো ট্রাকে করে দেশের বিভিন্ন প্রান্তে পাঠানো হচ্ছে। পথিমধ্যে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর জেতার মুখে পড়লে তারা এই নদীর মাছের চালানপত্র প্রদর্শন করে পার পেয়ে যাচ্ছে। গত ১৪ মে দুপুরে সামরাজ মৎস্যঘাটে সরেজমিন মৎস্য কর্মকর্তার অভিযান শুরুর সঙ্গে সঙ্গেই ঘাটের আড়তদারদের মধ্যে এক বিশ্ময়কর চতুরতা ও তৎপরতা দেখা যায়। সাগরের ইলিশগুলো তড়িঘড়ি করে বরফের স্থূপের নিচে চাপা দিয়ে সেগুলোকে নদীর মাছ হিসেবে চালিয়ে দেওয়ার চেষ্টা করা হয়। অভিযানের সময় ঘাটের আড়তদাররা তাদের কোনো কোনো ট্রলার সাগরে যারনি বলে দাবি করলেও নাম প্রকাশ না করার শর্তে এক জেলে স্বীকার করেন যে, তারা ১৩ দিন পার সাগর থেকে প্রায় ৮-১০ লাখ টাকার মাছ নিয়ে ঘাটে ফিরেছেন। তবে প্রশাসনের ভয়ে ট্রলার ঘাটে ভেড়েনি। এদিকে আইন প্রয়োগের ক্ষেত্রে বড় ধরনের সমন্বয়হীনতা ও শিথিলতা স্পষ্ট হয়ে উঠছে। মৎস্য কর্মকর্তারা ঘাটে পৌছানোর আগেই অভিযানের তথ্য ফাঁস হয়ে যায়। খবর পেয়ে ইলিশবোঝাই সমুদ্রান্না বড় বড় ট্রলার দ্রুত ঘাট ত্যাগ করে নিরাপদ দূরত্বে নোঙর করে। চরক্ষাশন উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জহাঙ্গ কুমার ও গুণ জানান, মৎস্যঘাটে স্থপ্কৃত ইলিশ দেখে সেগুলোয় উসে (সাগর নাকি নদী) নিশ্চিতভাবে শনাক্ত করার কোনো উপায় নেই। একই কথা বলেছেন, জেলা মৎস্য কর্মকর্তা ইকবাল হোসেন। তিনি বলেন, ঘাট বা বাজারে থাকা মাছটি সাগর নাকি নদী ইলিশ, তা কেবল চোখের দেখায় নিশ্চিতভাবে শনাক্ত করা যায় না। অভিযানের পরেও সামরাজ মৎস্যঘাটের চিত্র পাটায়নি। সেখানে এখনও প্রকাশে সামুদ্রিক ইলিশ বিক্রি ও পাচার অব্যাহত রয়েছে। এ নিয়ে একধরনের চোর-পুলিশ খেলা চলছে। আর এই খেলায় প্রকৃত ও ক্ষুদ্র মৎস্যজীবীরা চরমভাবে ক্ষতিগ্রস্ত হলেও লাভবান হচ্ছে প্রভাবশালী সিঁড়িকেট।

গাজায় নতুন সঙ্কট: ইঁদুরবার

রোগে আক্রান্ত ১ লাখ ২৫ হাজারের বেশি মানুষ

বীরতলাশা ডেক্স
গাজা উপত্যকায় ১ লাখ ২৫ হাজারেরও বেশি ফিলিস্তিনি ইঁদুর ও পরজীবীজনিত ভুকের রোগে আক্রান্ত হয়েছে। তালি বছরের প্রথম পাঁচ মাসে এত সংখ্যক মানুষ ভুকের রোগে আক্রান্ত হয়েছেন বলে নথিভুক্ত করা হয়েছে। বৃহস্পতিবার (২১ মে) এই তথ্য প্রকাশ করলেই জাতিসংঘের ফিলিস্তিন বিষয়ক সংস্থা ইউএনআরডব্লিওএ। ইউএনআরডব্লিওএ সংস্থাটি সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ দেওয়া এক পোস্টে জানায়, গাজা উপত্যকায় আরেকটি সংকট তৈরি হয়েছে। ইঁদুর ও পরজীবী সংক্রমণ দ্রুত বাড়ছে। ভুকের এই সংক্রমণ দ্রুত ছড়িয়ে পড়ছে। রোগের যু্কি বৃদ্ধি পাচ্ছে। ইউএনআরডব্লিওএ আরও জানায়, তাদের শত শত চিকিৎসাকর্মী প্রতিদিন প্রায় ৪০০ জন রোগীর চিকিৎসা দিচ্ছেন। তবে, পর্যাপ্ত ওষুধ সরবরাহ গ্লেলে তারা আরও বেশি মানুষকে সেবা দিতে পারছেন না। সংস্থাটি উল্লেখ করে, জানুয়ারি থেকে মে ২০২৬ পর্যন্ত গাজায় ইঁদুর ও পরজীবী সম্পর্কিত ভুকের সংক্রমণের ১ লাখ ২৫ হাজারের বেশি ঘটনা রিপোর্ট করা হয়েছে। ইউএনআরডব্লিওএ বলেছে, গাজায় বড় পরিসরে জরুরি সহায়তা সামগ্রী প্রেরণ করতে দিতে হবে। এদিকে গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের অক্টোবরে ঘোষিত যুদ্ধবিরতির পর থেকে অন্তত ৮৭৭ জন ফিলিস্তিনি নিহত এবং ২,৬০২ জন আহত হয়েছেন। মন্ত্রণালয় আরও জানায়, যুদ্ধবিরতি ঘোষণা সত্ত্বেও গাজায় পাওয়া অনুযায়ী মানবিক সহায়তা প্রবেশ এখনও বাধা দিয়ে যাচ্ছে দখলদার ইসরায়েল। ২০২৩ সালের ৭ অক্টোবর থেকে শুরু হওয়া ইসরায়েলি সামরিক অভিযানে এখন পর্যন্ত ৭২ হাজারের বেশি মানুষ নিহত এবং ১ লাখ ৭২ হাজারের বেশি আহত হয়েছেন যাদের অধিকাংশই নারী ও শিশু। একই সঙ্গে ১৫ লাখ মানুষ বাস্তুচ্যুত অবস্থায় রয়েছেন।

তালতলীতে ১৮ লাখ টাকার

রেণু জন্ম, নদীতে অবমুক্ত

তালতলী প্রতিনিধি
তৈজস্বী তালতলীতে অভিযান চালিয়ে প্রায় ১৮ লাখ টাকা মূল্যের অবৈধ চিহ্নড়ি রেণু জন্ম করে পায়রা (বুড়িশ্বর) নদীতে অবমুক্ত করেছে বাংলাদেশ কোস্ট গার্ড। বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে উপজেলার ছোটবন্দী সরল্ল এলাকায় ওই অভিযান পরিচালনা করা হয়। বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লে. মো. আবুল কাশেম এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করেছেন। জানা গেছে, যোগেন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড স্টেশন নিদ্রাসকিনা ছোটবন্দী এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযান চলাকালে একটি সন্দেহভাজন পিকআপ ভানে তদ্রাশি চালিয়ে অবৈধভাবে পরিবহন করা ৬ লাখ পিস চিহ্নড়ি রেণু জন্ম করা হয়। যার আনুমানিক বাজারমূল্য প্রায় ১৮ লাখ টাকা। পরবর্তীতে জপকৃত এই

সীমান্তে খুঁটি স্থাপনের চেষ্টা বিএসএফের, রুখে দিলো বিজিবি

কীর্তনখোলা ডেস্ক

লালমনিরহাটের পাঁচথাম উপজেলার কুচলিবাড়ী সীমান্তে আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে জিরো লাইনে বাশের খুঁটি স্থাপনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে বিজিবি রংপুর ৫১ ব্যাটালিয়নের কড়া ও এর পাতায় দেখুন



শিশু রামিসাকে হত্যাকারীকে ৩০ কর্মদিবসের মধ্যে মৃত্যুদণ্ড কার্যকরের দাবিতে বরিশালে বিক্ষোভ মিছিল করে সর্বস্তরের সাধারণ শিক্ষার্থীবৃন্দ

—কীর্তনখোলা

রামিসা হত্যার বিচার দাবিতে বরিশালে বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

শিশু রামিসাসহ সারা দেশে চলমান খুন, ধর্ষণ ও নারী নির্যাতনের ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বরিশালে পৃথক কর্মসূচি পালন করেছে সমাজতান্ত্রিক ছাত্রসংগঠন সমাজতান্ত্রিক মহিলা ফোরাম



কাউখালীতে খাজনা ছাড়াই পশুর হাটে বেচাকেনা

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার ৪টি কোরবানির পশুর হাটে খাজনা মকতুফ করার জমে উঠেছে কোরবানির পশু বেচাকেনা। পিরোজপুর ২ আসনের স্থানীয় সংসদ সদস্য ও গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর সুমন এর উদ্যোগে উপজেলার কাউখালী হাট, কেউন্দিয়া, বেতকা ও তালুকদার হাটে এ বছর খাজনা ছাড়াই কোরবানির পশুর হাট পরিচালিত হচ্ছে। শুক্রবার (২২ মে) নতুন নির্ধারিত কাউখালীর সন্ধ্যা নদীর পাড়ের ইকোপার্ক এলাকায় বসা কোরবানির পশুর হাটে দূর-দূরান্ত থেকে কয়েক শতাধিক খামারি গরু নিয়ে উপস্থিত হন। নতুন হাটের পরিবেশ ও ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করলেও প্রথম দিকে আশানুরূপ বিক্রি না হওয়ায় কিছুটা হতাশা প্রকাশ করেন তারা। তবে আগামী হাটগুলোতে বেচাকেনা আরও বাড়বে বলে আশা করছেন খামারিরা।



সাবমেরিন ক্যাবলে বিদ্যুৎ পৌঁছবে মনপুরায়

মনপুরা প্রতিনিধি

ভোলা রিভিঞ্জ গ্রীপ উপজেলা মনপুরায় বিদ্যুৎ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণে বড় ধরনের উদ্যোগ নিয়েছে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাউকো) প্রকল্পের আওতায় সাবমেরিন কেবল ও ল্যান্ডিং স্টেশন স্থাপনের জন্য আন্তর্জাতিক মারের টেন্ডার আহ্বান করা হয়েছে। শক্তি, বিদ্যুৎ ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে বিদ্যুৎ বিভাগ এবং ওজোপাউকোর 'মনপুরা গ্রীপপুঞ্জ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ' প্রকল্পের আওতায় এর দরপত্র আহ্বান করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী চারকি ভিত্তিতে ৩৩ কেভি সাবমেরিন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ২ শনিবার ২৩ মে ২০২৬ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩

হামে আক্রান্ত হয়ে ছেলের মৃত্যু মেয়েও ভর্তি হাসপাতালে

জিয়ানগর প্রতিনিধি

বরিশালের পিরোজপুরে হামে আক্রান্ত হয়ে রাইয়ান নামের এক বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে এবং তার বোন খাদিজা আক্তার হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রয়েছে। তাদের বৃহস্পতিবার (২২মে) দিবাগত

নাম বদলে বারবার অপরাধে জড়িয়েছে ‘শীর্ষ সন্ত্রাসী’, অবশেষে ধরা

গলাচিপা প্রতিনিধি

অত্র মামলায় ১০ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি আসাদুজ্জামান রিপনকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশের দাবি, রিপন চাকার একজন শীর্ষ সন্ত্রাসী। দীর্ঘদিন ধরে তিনি নাম পরিবর্তন করে আত্মগোপনে ছিলেন। বৃহস্পতিবার (২২ মে) রাতে পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত হাওলাদারের

প্রথমবারের মতো বিদ্যুৎ উৎপাদন শুরু আরএনপিএল তাপবিদ্যুৎ কেন্দ্রের

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর আরএনপিএল (পটুয়াখালী) তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন শুরু হচ্ছে। প্রথমবারের মতো দুটো ইউনিট উৎপাদন শুরু হওয়ায় এক সপ্তাহের জন্য সক্ষমতা অর্জন



মেহেন্দিগঞ্জে চার হাজার জেলেতে খাদ্য সহায়তা প্রদান

নূর রাকি নাসিম, মেহেন্দিগঞ্জ

ইলিশ অভয়াশ্রম সংরক্ষণ ও মা-ইলিশ রক্ষায় সরকারের নিষেধাজ্ঞা চলাকালীন সময়ে মেহেন্দিগঞ্জে চার হাজার নিবন্ধিত জেলে পরিবারের মাঝে বিনামূল্যে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ করা হয়েছে। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তরের অধীনে 'ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প'-এর আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে এই বিশেষ মানবিক সহায়তা প্রদান করা হয়। খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ফেসবুকে পোস্ট দিয়ে ছাত্রদল নেতার পদত্যাগ

বাইফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক এবং আদাবাড়িয়া ইউনিয়ন ছাত্রদলের সাংগঠনিক সম্পাদকের পদ থেকে



অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টারো: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাই রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৪৬৬
০১৭১৪-০৬৫৮৮৬, ০১৭০৬-০৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭০.৭৩ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক

বর্তমান সরকারের দায়িত্ব গ্রহণের পর অনুষ্ঠিত ৭টি মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭০ দশমিক ৭৩ শতাংশ। ১৭ ফেব্রুয়ারি থেকে ৩০ এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকগুলোর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে



গৌরনদীতে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক হুসনে আরা ও সহকারী বোরহান উদ্দিন

বানারীপাড়া প্রতিনিধি

জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে বরিশালের গৌরনদী উপজেলার প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ 'উপজেলা পর্যায়'ে শ্রেষ্ঠ প্রধান শিক্ষক ও শ্রেষ্ঠ সহকারী শিক্ষক নির্বাচিত হয়েছেন দুই কৃতি শিক্ষক। তারা হলেন, ধুরিয়াইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুসনে আরা এবং বেজগাতি খেতারকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. বোরহান উদ্দিন। দীর্ঘ শিক্ষাজীবনে নিষ্ঠা, দক্ষতা ও সজ্ঞানশীলতার মাধ্যমে শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় তারা এই সম্মাননা লাভ

নানা বাড়িতে বেড়াতে এসে পানিতে ডুবে শিশুর মৃত্যু

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জ উপজেলার রাকুদিয়া গ্রামে নানা বাড়িতে বেড়াতে এসে পানিতে ডুবে লারিব (দেড় বছর) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। শুক্রবার (২২ মে) সকাল ৯টার দিকে এ ঘটনা ঘটে। নিহত লারিব উজিরপুর উপজেলার ইচলাদী এলাকার মনির শেখ ও সালমা আক্তার দম্পতির একমাত্র ছেলে। স্বজনরা জানান, এক সপ্তাহ আগে মায়ের সঙ্গে নানা বাড়িতে বেড়াতে আসে লারিব। শুক্রবার সকালে পরিবারের সবার অজান্তে খেলার ছলে বাড়ির পাশের পুকুরঘাটে চলে যায় সে। কিছুক্ষণ পর তাকে খুঁজে না পেয়ে পরিবারের সদস্যরা চারদিকে খোঁজখুঁজি শুরু করেন। একপর্যায়ে



প্রধানমন্ত্রীর কাছে নিরাপত্তা চায় স্বর্ণ পদক প্রাপ্ত নারী উদ্যোক্তা পিংকি

চরফ্যাশন প্রতিনিধি

প্রধানমন্ত্রী তারেক রহমানের কাছে এমবি ভ্যানেলপ ও ব্যবসা প্রতিষ্ঠান সচল রাখাসহ জীবনের নিরাপত্তা চেয়ে আবেদন জানিয়েছেন জাতীয় পুরস্কার স্বর্ণ পদক প্রাপ্ত নারী উদ্যোক্তা পিংকি বেগম। শুক্রবার বেলা ১১টায় চরফ্যাশন উপজেলার আবুবকরপুর ইউনিয়নের ওই উদ্যোক্তা নারীর নিজ খামার বাড়িতে সংবাদকর্মীদের কাছে এ আবেদন জানান। উদ্যোক্তা পিংকি বলেন, ২০১৬ সাল থেকে তিনি ইস,মুরগী, মাছ ও গরু ছাগল, ভেড়া, লালন পালন করে প্রয়োজন গ্রুপ নামের একটি প্রতিষ্ঠান থেকে ১০টি ব্যবসা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করেন বলে ভুক্তভোগী জানান। এ প্রতিষ্ঠানগুলোতে



অর্থাত্তিক ও বৈষম্যমূলক কর বাইকারদের উপর আরোপ করার সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে শান্তিপূর্ণ মানববলন করেছে বরিশালের সাধারণ বাইকাররা

কাঠবোঝাই ট্রলার ডুবে শ্রমিকের মৃত্যু

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে কাঠবোঝাই একটি ট্রলার ডুবে মো. কামাল বাহাদুর (৩৮) নামে এক ট্রলার চালকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাতে উপজেলার সুড়িয়াকাঠি ইউনিয়নের বালিহারি গ্রামের রহমান ব্রিজের নিচে এ দুর্ঘটনা ঘটে। শুক্রবার (২২ মে) সকালে ডুবন্ত ট্রলারের কেবিন থেকে কামাল বাহাদুরের লাশ উদ্ধার করা হয়। নিহত কামাল বাহাদুর পার্শ্ববর্তী নাজিরপুর উপজেলার মনোহরপুর গ্রামের আব্দুল হালিম বাহাদুরের ছেলে। স্থানীয় সূত্র ও ট্রলারের মালিক জানান, ফিয়ানা ফতেমা ও এর পাতায় দেখুন

কাঠবোঝাই ট্রলার ডুবে শ্রমিকের মৃত্যু

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদে কাঠবোঝাই একটি ট্রলার ডুবে মো. কামাল বাহাদুর (৩৮) নামে এক ট্রলার চালকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাতে উপজেলার সুড়িয়াকাঠি ইউনিয়নের বালিহারি গ্রামের রহমান ব্রিজের নিচে এ দুর্ঘটনা ঘটে। শুক্রবার (২২ মে) সকালে ডুবন্ত ট্রলারের কেবিন থেকে কামাল বাহাদুরের লাশ উদ্ধার করা হয়। নিহত কামাল বাহাদুর পার্শ্ববর্তী নাজিরপুর উপজেলার মনোহরপুর গ্রামের আব্দুল হালিম বাহাদুরের ছেলে। স্থানীয় সূত্র ও ট্রলারের মালিক জানান, ফিয়ানা ফতেমা ও এর পাতায় দেখুন

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com